20 APR 2017
8 2

হাওরে ফসলডুবির প্রভাব

# ধর্মপাশায় পরীক্ষা দিচ্ছে না সাড়ে তিন হাজার শিশু শিক্ষার্থী

■ ধর্মপাশা (সুনামগঞ্জ) প্রতিনিধি

হাওরাঞ্চলে ফসলডুবির ঘটনায় বাস্তুসংস্থান থেকে শুরু করে মানুষের কর্মসংস্থান, জীবিকা ও জীববৈচিত্র্যে প্রভাব ফেলার পাশাপাশি এবার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ওপর বিরূপ প্রভাব ফেলেছে। ধর্মপাশা উপজেলার হাওরপাড়ের মানুষজন ফসল হারিয়ে কাজের সন্ধানে গ্রাম ছেড়ে শহরের দিকে ছুটছেন। এ অবস্থায় শিশু শিক্ষার্থীদের পড়ার দিকে মনোযোগ হারিয়েছে পরিবারগুলো। বিদ্যালয়ে প্রথম সাময়িক পরীক্ষা শুরু হলেও তাতে অংশ নিচ্ছে না সাড়ে ৩ হাজার শিক্ষার্থী।

উপজেলা প্রাথমিক শিক্ষা কার্যালয় সূত্রে জানা যায়, এ উপজেলায় ১৯৮টি সরকারি, ১৫শ বিদ্যালয় স্থাপন প্রকল্পের ৪টিসহ মোট ১৯৩টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এসব বিদ্যালয়ের মোট শিক্ষার্থীর সংখ্যা ৩৩ হাজার ১৫৬ জন। গত ২৩ এপ্রিল থেকে উপজেলার সবকটি প্রাথমিক বিদ্যালয়ে প্রথম সাময়িক পরীক্ষা শুরু হয়েছে; কিন্তু ৩ হাজার ৫১৫ শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেনি। হাওরে ফসলডুবির পর থেকে ধর্মপাশা উপজেলার হাওরপাড়ের দরিদ্র মানুষজন কাজের সন্ধানে এলাকা ছাড়তে শুরু করায় তার প্রভাব পড়েছে ওইসব পরিবারের শিক্ষার্থীদের ওপর। অনেক শিশু পরিবারের সঙ্গে এলাকা ছেড়েছে। ফলে পরীক্ষায় অনুপস্থিতির সংখ্যা বেড়ে গেছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা রোকেয়া আক্তার খাতুন বলেন, 'হাওরে ফসলডুবির ঘটনায় পরীক্ষায় শিক্ষার্থীদের অনুপস্থিতি বেড়েছে। অনেক শিক্ষার্থীই পরিবারের সঙ্গে এলাকা ছেড়ে কাজের সন্ধানে শহরমুখী হয়েছে। এ উপজেলায় প্রথম সাময়িক পরীক্ষায় ৩ হাজার ৫১৫ শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেনি। দ্বিতীয় ও বার্ষিক পরীক্ষার ফি মওকুফ, বিনামূল্যে শিক্ষা উপকরণ সরবরাহ ও উপবৃত্তির ক্ষেত্রে শিক্ষার্থীদের হাজিরা শিথিল করার জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।'